

## 💵 ফাতাওয়া ও প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ দৈনন্দিন জীবন এবং সমসাময়িক বিষয় সম্পর্কে রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহিল হাদী বিন আব্দুল জলীল

এক বোন বিয়ের আগে জানতো তার দীনি পরিবারে বিয়ে হয়েছে। বিয়ের পর জানতে পারে যে, তার স্বামী ও শাশুড়ি আহলে কুরআন। বোনটির এখন কী করণীয়?

আহলে কুরআনের অপর নাম হাদিস অস্বীকারকারী। এদের মধ্যে কেউ কেউ সম্পূর্ণ হাদিসকে অস্বীকার করে। আর কেউ কেউ দাবি করে যে, তারা কেবল ওই হাদিসগুলোকে মানে যেগুলো কুরআনের সাথে মিলে। আর বাকিগুলোকে অস্বীকার করে। তাদের মধ্যে আবার কেউ বলে, যে সব হাদিস তাদের যুক্তিতে ধরে সেগুলো মানবে: বাকিগুলো অস্বীকার করবে।

কিন্তু আহলে সুন্নাহ ওয়াল জামাতের সকল আলেম একমত যে, কেউ যদি বিশুদ্ধ সূত্রে প্রমাণিত একটিও হাদিসকে অস্বীকার করে সে ইসলাম থেকে বহিষ্কৃত মুরতাদ-কাফের বলে গণ্য হবে। কেননা হাদিস মূলত আল্লাহর ওহি। আর যে আল্লাহর ওহিকে অস্বীকার করবে সে কখনো মুসলিম থাকতে পারে না।

যাহোক, হাদিস অস্বীকারকারী গোষ্ঠীর অন্তর্ভুক্ত কারও সাথে কোন মুসলিমের বিয়ে বৈধ নয়। অসতর্কতার কারণে এমন ব্যক্তির সাথে বিয়ে হয়ে গেলে অনতিবিলম্বে তালাকের মাধ্যমে সংসার ভঙ্গ করা ওয়াজিব। অন্যথায় গুনাগার হতে হবে।

অতএব, আপনার স্বামী যদি হাদিস মানার অপরিহার্যতা অস্বীকার করে (অর্থাৎ নিজ ভ্রান্ত আকিদার উপর প্রতিষ্ঠিত থাকলে) তাহলে কাল বিলম্ব না করে খোলা তালাকের মাধ্যমে বিবাহ ভঙ্গ করে নিজ পরিবারে ফিরে আসুন। নিশ্চয়ই আল্লাহ আপনার জন্য উত্তম বিকল্প দান করবেন। আল্লাহর উপরে ভরসা রাখুন এবং তার কাছে দোয়া করুন। আল্লাহ সাহায্যকারী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15096

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন